

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ  
ওয়ান স্টপ সার্ভিস এন্ড রেগুলেটরি রিফর্ম অধিশাখা  
বিনিয়োগ ভবন  
প্লট নং ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bida.gov.bd](http://www.bida.gov.bd)

স্মারক নং: ০৩.০৮.২৬৮০.২১৩.১৬.৭৩৮.১৯-২৯

তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ট্রেড লাইসেন্স সেবা সহজীকরণের লক্ষ্যে প্রতি পাঁচ বছরের জন্য ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন এবং সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য ট্রেড লাইসেন্সের অভিন্ন আবেদনপত্র এবং সুনির্দিষ্ট চেকলিস্ট প্রণয়ন সংক্রান্ত

- সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের গত ২৪ জানুয়ারি ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-৮৫ নং স্মারক  
(২) স্থানীয় সরকার বিভাগের গত ১২ অক্টোবর ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০১৬.২২-১১৬০নং স্মারক  
(৩) বিভাগ গত ১৮ জুলাই ২০২২ তারিখের ০৩.০৮.২৬৮০.২২০.০৭.০১৭.২০১৭-৩৪৭ নং স্মারক


ব্যবসা সহজীকরণের লক্ষ্যে পাঁচ বছরের জন্য ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন এবং সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য ট্রেড লাইসেন্সের অভিন্ন ও নির্ধারিত/সমন্বিত আবেদনপত্র, অভিন্ন ট্রেড লাইসেন্স ফরম্যাট এবং সুনির্দিষ্ট চেকলিস্ট প্রণয়নের জন্য বিতা হতে গত ১৮ জুলাই ২০২২ তারিখে স্থানীয় সরকার বিভাগে পত্র দেয়া হয়।

২। পত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ হতে গত ১২ অক্টোবর ২০২২ তারিখে সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর উল্লিখিত বিধানের আলোকে ট্রেড লাইসেন্স ফি বছরভিত্তিক একত্রে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর মেয়াদে প্রদান/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সকল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)।

৩। তাছাড়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ২৪ জানুয়ারি ২০২৩ তারিখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য ট্রেড লাইসেন্সের অভিন্ন আবেদনপত্র, ট্রেড লাইসেন্স ফরম্যাট এবং সুনির্দিষ্ট চেকলিস্ট প্রণয়ন করে প্রণয়নকৃত আবেদনপত্র, ফরম্যাট এবং চেকলিস্ট অনুসরণপূর্বক ট্রেড লাইসেন্স ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

৪। বিষয়টি আপনাদের সদয় অবগতি এবং নিজ নিজ সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সূত্রস্ব ১ ও ২ নং পত্র।

  
(আবু জার গিফারী তমাল)  
সহকারী পরিচালক  
ফোন: ৪৪৮২৬৭৮৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাটজ-৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা।